

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩০

আগরতলা, ১৬ জুন, ২০২৪

ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে মেগা রক্তদান শিবির  
স্বচ্ছায় রক্তদান এখন রাজ্যে জন আন্দোলনের রূপ নিয়েছে : মুখ্যমন্ত্রী

স্বচ্ছায় রক্তদান এখন রাজ্যে জন আন্দোলনের রূপ নিয়েছে। ত্রিপুরার মানুষ, বিভিন্ন সংগঠন, ক্লাব, প্রতিষ্ঠান রাজ্য সরকারের আহবানে উৎসবের মেজাজে রক্তদানে এগিয়ে আসছে। রাজ্যব্যাপী রক্তদানের প্রতি এক সুন্দর মানসিকতা গড়ে উঠছে। আজ ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আরও বলেন, রক্তদান হচ্ছে একটি মহৎ দান। রাজ্য প্রশাসনিক পরিকাঠামোর মূল অঙ্গ হিসেবে প্রতিনিয়ত কাজ করেন টিসিএস অফিসারগণ। রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের বিভিন্ন জনকল্যাণমুখী প্রকল্পগুলি মানুষের কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে টিসিএস অফিসারদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী টিসিএস অফিসার্স অ্যাসোসিয়েশনের মেগা রক্তদান শিবিরের উদ্যোগকে সাধুবাদ জানিয়ে বলেন, রক্তদানের মাধ্যমে সমাজে সৌভ্রাতৃত্বের চেতনার উন্মেষ ঘটে। একজন ব্যক্তি তার দান করা রক্তের মাধ্যমে চারজন মুমূর্ষু রোগীর প্রাণ বাঁচাতে পারেন। রাজ্যে যেভাবে এখন রক্তদান উৎসব আয়োজিত হচ্ছে এতে করে রাজ্যে রক্তের সমস্যার সমাধান হবে। তবে রক্তের চাহিদা এবং সরবরাহ বিষয়ে অবশ্যই খেয়াল রাখা প্রয়োজন।

মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্যের বর্তমান সরকার রাজ্যের মানুষদের কাছে উন্নত স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে অগ্রাধিকার দিয়েছে। প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার ন্যায় মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা রাজ্যে চালু করা হয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক অসীম সাহা। অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, ত্রিপুরা শিল্প

উল্লয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বণিক, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার। অনুষ্ঠান শেষে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা রক্তদান শিবির পরিদর্শন করেন এবং রক্তদাতাদের উৎসাহিত করেন। শিবিরে ৮০ জন রক্তদান করেছেন।

\*\*\*\*\*